125

দৈনিক সংবাদ

তারিখ ... 03 MAY ১৯৯১ ...
পৃষ্ঠা ... 2 কলাম ... ৪ ......

শিক্ষা বার্তার সেমিনার

# বোর্ডের পরীক্ষায় মেধা তালিকা বিলোপ দাবি

'শিক্ষা বার্তা'র উদ্যোগে, গত বৃহস্পতিবার 'বাংলাদেশে পাবলিক পরীক্ষা ঃ সংকট ও সুপারিশ, শীর্ষক সেমিনারে' বোর্ডের পরীক্ষায় মেধা তালিকা রহিত করার সুপারিশ করা হয়েছে। অধ্যাপক ডঃ আনিসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন 'শিক্ষা বার্তা'র সম্পাদক এ এন রাশেদা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা উপমন্ত্রী অধ্যাপিকা জিন্নাতুন্নেসা তালুকদার। বিশেষ অতিথি ছিলেন ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন।

সেমিনারে অন্যান্য সুপারিশের মধ্যে রয়েছে, পূর্বতন প্রতিটি জেলায় একটি করে বোর্ড স্থাপন, এক বিষয়ে পাবলিক পরীক্ষায় ফেল করলে পরবর্তীতে শুধুই একটি বিষয়ে পরীক্ষা দেয়ার ব্যবস্থা, গ্রেডিং সিস্টেম চালু ইত্যাদি।

আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক ডঃ মোজাফফর আহমেদ, অধ্যাপক ডঃ আবু হামিদ লতিফ, অধ্যক্ষ শামসে আরা, অধ্যাপক ডঃ আলী আসগর, ডঃ গোলাম মহিউদ্দিন, অধ্যাপক্ষ ডঃ অজয় রায়, অধ্যক্ষ হামিদা আলী, ডঃ সত্যব্রত রায় প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।